

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

Cox's Bazar Palli Bidyut Samity

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংজা, কক্সবাজার।

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

স্মারক নং-২৭.১২.২২২৪.৫৪৩.০১.০৩৮.২৩. ১১০৪

তারিখ : ০৫ চৈত্র' ১৪২৯ বাংলা
১৯ মার্চ' ২০২৩খ্রিঃ

বিষয়: খুঁটি পরিবহনের জন্য রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি।

কক্সবাজার পবিসের নিজস্ব তহবিলের আওতায় ৩৫ সাইজের (R-43/44) এসপিসি ১০০টি খুঁটি পরিবহনের জন্য (RFQ) পদ্ধতিতে নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী বাংলাদেশের প্রকৃত পরিবহন ব্যবসায়ী/ সরবরাহকারী/ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সিল মোহরকৃত খামে দরপত্র (RFQ) আহবান করা যাচ্ছে।

ক্রমিক	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১।	৩৫ সাইজের (R-43/44) ১০০ টি এসপিসি খুঁটি, চট্টগ্রাম পবিস-১ হতে লোড করে সড়ক পথে ট্রাক/টেইলর যোগে পরিবহন করে কক্সবাজার পবিসের পোল ইয়ার্ডে পৌঁছাতে হবে।	৩৫ সাইজের (R-43/44) ১০০ টি এসপিসি খুঁটি		
সর্ব মোট=				
কথায়:				

দরপত্র গ্রহন, খোলার স্থান এবং সময়সূচি

দরপত্র গ্রহন ও খোলার স্থান
ক) সদর দপ্তর, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার
খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।


সময়সূচি
ক) দরপত্র গ্রহনের শেষ সময় এবং তারিখ : ২৭ মার্চ ২০২৩খ্রিঃ রোজ সোমবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।
খ) দরপত্র খোলার সময় এবং তারিখ : ২৭ মার্চ ২০২৩খ্রিঃ রোজ সোমবার দুপুর ১২:০৫ ঘটিকা।

শর্তাবলী:

- আগ্রহী দরদাতাগণ উপরে বর্ণিত সময়সীমার মধ্যে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী নির্ধারিত স্থানে দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে "খুঁটি পরিবহনের দরপত্র" কথাটি লিখে খাম সিলগালা যুক্ত করতে হবে।
- দরপত্র সঠিকভাবে পূরন করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে।
- দরপত্রের সাথে হালনাগাদকৃত (ক) ট্রেড লাইসেন্স, (খ) ভ্যাট রেজিস্ট্রেশন, (গ) ব্যাংক সলভেন্সী ও (ঘ) আয়কর সনদ এর ফটোকপি প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- কার্যাদেশ প্রদানের ১৫ দিনের মধ্যে বর্ণিত খুঁটি পরিবহনের কাজ সম্পন্ন করতে হবে।
- বর্ণিত খুঁটি সন্তোষজনকভাবে গন্তব্যস্থলে পৌঁছাতে হবে এবং আনলোড করতে হবে।
- সন্তোষজনকভাবে খুঁটি পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী-চেক এর মাধ্যমে সরাসরি বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী মোট বিল হতে ভ্যাট ও অন্যান্য কর কর্তন করা হবে।
- উদ্বৃত্ত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।
- নির্ধারিত তারিখের মধ্যে বর্ণিত খুঁটি পরিবহন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।


৯

- ১০। বর্ণিত মালামাল সম্পূর্ণ নিজ দায়িত্বে ও নিজ খরচে/নিজস্ব পরিবহনের মাধ্যমে ৩৫ সাইজের (R-43/44) এসপিসি ১০০ টি খুঁটি, চট্টগ্রাম পবিস-১ হতে লোড করে সড়ক পথে ট্রাক/টেইলর যোগে পরিবহন করে কক্সবাজার পবিসের পোল ইয়ার্ডে পৌছাতে হবে।
- ১১। দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচিত হবে।
- ১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কক্সবাজার পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১৩। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।


 (প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
 জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

- ০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৪। পুলিশ সুপার, কক্সবাজার।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌঃ, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।
- ০৮। ডিজিএম, টেকনোফ জোনাল অফিস, কক্সবাজার পবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।
- ১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস।
- ১১। মেসার্স
- ১২। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd
- ১৩। অফিস কপি/মাষ্টার ফাইল।


 (প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
 জেনারেল ম্যানেজার